# নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক : মোঃ মহিদুল হক<br>
প্রশাসক, উপজেলা পরিষদ<br>
ও<br>
উপজেলা নির্বাহী অফিসার<br>
কাউনিয়া, রংপুর।

তারিখ : ১৪/১১/২০২৪ খ্রি.।<br>
সময় : দুপুর ১১:৩০ ঘটিকা ।<br>
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"<br>
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৮/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোঁটালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

বিভাগ ভিত্তিক আলোচনা :

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান। বহির্বিভাগে প্রতিদিন জনগনকে সকাল থেকে দুপুর পর্যন্ত চিকিৎসা সেবা দেওয়ার পাশাপাশি ইমার্জেন্সি বিভাগ ২৪ ঘন্টা সেবা প্রদান করা হচ্ছে। অক্টোবর/২৪ মাসে ইনডোর বিভাগে ৫২৮জন, আউটডোর বিভাগে ৮১৮০ জন এবং ইমারজেন্সি বিভাগে ৩১৩২ জন রোগিকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভিন্ন অপারেশন (সিজার/মেজর অপারেশন/মাইনর অপারেশন) সেবাও প্রদান করা হয়েছে। এছাড়াও এইচপিভি টিকাদান কার্যক্রম চলমান আছে। টিকাদান কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে উপজেলা পরিষদের অর্থায়নে চর অঞ্চলের কৃষকদের মাঝে মিষ্টি কুমড়া চাষের জন্য (২য় পর্যায়) উপকরণ বিতরণে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। | চর অঞ্চলের কৃষকদের মাঝে মিষ্টি কুমড়া চাষের জন্য (২য় পর্যায়) উপকরণ বিতরণে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী পরবর্তী ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী ও প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, ০১ নভেম্বর ২০২৪ থেকে ৩ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ মাছ সংরক্ষণ অভিযান চলবে। ইতোমধ্যে মা-ইলিশ সংরক্ষণ অভিযান/২৪ শেষ হয়েছে। যার সুফল হিসেবে কাউনিয়ার তিস্তা নদীতে ইলিশ মাছ পাওয়া যাচ্ছে। টেপামধুপুর ইউনিয়নের মানাস নদীতে অভিযান চালিয়ে ২৮টি চায়না রিংজাল জব্দ করে জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। সকলকে নিষিদ্ধ জাল ব্যবহারের কুফল সম্পর্কে সচেতন করার আহবান জানান। এছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| অক্টোবর/২০২৪ | ৪২৫ | ৩৭ | ২১০ | ০৫ | ২৫ | ০০ | ০৫ | ৭০৭ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | (উপরের সারণি)<br>১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।<br>তিনি আর জানান যে, ১এমএল ফ্রিজ, হ্যান্ড গ্লোভস প্রদানের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত :** উপজেলা প্রকৌশলী, প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ প্রকল্পের মাধ্যমে ক্রয় করে বিল ভাউচার মাধ্যমে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ১। উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা ডরমেটরীভবন, করতোয়া ভবন টুকিটাকি মেরামত জন্য আবেদন পাওয়া গেছে। উক্ত মেরামত আরএফকিউ মাধ্যমে রাজস্ব তহবিল (বাসাবাড়ী)মেরামত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা অনুমোদন প্রয়োজন।<br>২। উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদ ভবন,বাসাবাড়ী রাস্তা,গ্যারেজ, ড্রেণ মেরামত জন্য প্রাক্কলণ প্রস্তুত করে স্থানীয় সরকার, সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।<br>৩। জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদদের ০৪টি নাম ফলক তৈরী করে স্থাপন করা হয়েছে। এতে =১৭,০০০/- (সতের হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল(বাসাবাড়ী) খাত হতে ২.০০.০০০/-(দুই লক্ষ)টাকা আরএফকিউ মাধ্যমে বাস্তবায়ন করে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের উপজেলা পরিষদ ভবন,বাসাবাড়ী রাস্তা,গ্যারেজ, ড্রেণ মেরামত ও পুকুর পাড়ে ঘাট তৈরী জন্য প্রাক্কলণ প্রস্তুত করে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদদের ০৪টি নাম ফলক তৈরী বাবদ ব্যয় ১৭,০০০/-(সতের হাজার)টাকা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, ২০২৪ সালের স্কুল পর্যায়ের বার্ষিক পরীক্ষা আগামী ২৮ নভেম্বর থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত এবং মাদ্রাসা পর্যায়ে ২৫ নভেম্বর থেকে ১১ ডিসেম্বর চলবে। ফলাফল প্রাকাশ ৩০ ডিসেম্বর/২৪। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে,তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের টিআর, কাবিখা, ইজিপিপি, ব্রীজ/কালভার্ট. এইচবিবি রোড নির্মাণ প্রকল্প সমূহের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট সকল ও উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২৪ মাস পর্যন্ত চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ০৮ জন যুবক ও যুব মহিলার মাঝে ৪,৩০,০০০/- (চার লক্ষ ত্রিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। মাসিক ঋণ আদায় হার ৯৬% এবং ক্রমপুঞ্জিত আদয় হার ৮৭%। তাঁর বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সুফলভোগী সদস্যদের মাঝে সঞ্চয় জমা ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান এবং সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ও কিশোরী সংঘের বয়ঃসন্ধি বিষয়ক সচেতনতা প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ সামগ্রী বিতরণ কার্যক্রম চলমান। কিশোরীদের ১৮ বছর পূর্ণ হওয়ায় ১০ জন কিশোরীর অবিবাহিত সনদ স্বাপেক্ষে তাদের জমাকৃত সঞ্চয় ও সরকারী প্রণোদনাসহ সমুদয় টাকা ফেরত প্রদান করা হয়। কিশোরীদের নিজস্ব জমা =৩৪,৬৫০/- টাকা এবং প্রণোদনা =৬৯,৩০০/- টাকা সর্বমোট =১,০৩,৯৫০/- (একলক্ষ তিন হাজার নয়শত পঞ্চাশ) টাকা ফেরত দেয়া হয়। তাঁর বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনস্বাস্থ্য) সভায় জানান যে, উপজেলায় ৭২টি অগভীর নলকূপের বরাদ্দ আসছে। যাচাই-বাছাইয়ের কাজ চলমান। এছাড়াও তাঁর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, উপজেলার ইউনিয়নসমূহের বিভিন্ন জায়গায় বেদখলকৃত আনসার ও ভিডিপি ক্লাবের জমি উদ্ধারের কার্যক্রম চলমান আছে।। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা রিসোর্স সেন্টার :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় বলেন যে, প্রশিক্ষণ সেন্টারের সেপটিক ট্যাংক ও সোক ওয়েল মেরামত/সংস্কারের অনুমোদন দেওয়ায় সভায় সকলকে ধন্যবাদ জানান। বিষয় ভিত্তিক বাংলা প্রশিক্ষণ কার্যক্রম ১৬/১১/২৪ খ্রি. তারিখে শেষ হবে বলে আশা প্রকাশ করেন। প্রধান শিক্ষদের লিডারশিপ প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। অধিদপ্তর নির্ধারিত সময়ে এই প্রশিক্ষণ শুরু করা হবে। ইউআরসি সেন্টারে কিছু অকেজো আসবাবপত্র জমা আছে যা নিলামে বিক্রয় করা প্রয়োজন। এজন্য সভায় উপজেলা নিলাম কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | অক্টোবর/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় বলেন যে, অর্থনৈতিক শুমারি/২৩ প্রকল্পের মূল তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর/২৪ পর্যন্ত অনুষ্ঠিত হবে। তথ্য সংগ্রহের পূর্বে অর্থনৈতিক শুমারি/২৩ এর অবহিতকরণ সভা, প্রচারণা, শুমারি কর্মীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। অফিসের অন্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
২৪/১১/২৪

(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ২০৭০/২ তারিখঃ ০৫/১২/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। চেয়ারম্যান, ................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
৭। উপজেলা ................................ অফিসার, কাউনিয়া, রংপুর।
৮। অফিস কপি।

05/12/24

(মো: মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১